গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩,
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

শিক্ষা নিয়ে গড়ব
দেশ, শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০১.১৮.৩৮৬

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৬
১১ জুন ২০১৯

বিষয়: **বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ -তে মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনুকূলে সৃষ্ট বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তি সংক্রান্ত বিষয়াবলী বাস্তবায়ন বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (টিএমইডি), শিক্ষামন্ত্রণালয় কর্**

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৩-১৮-৭৬৫, তারিখ:১৯.০৭.২০১৯খ্রি:।

(২) উচ্চতর স্কেল প্রাপ্তি/বাস্তবায়ন বিষয়ক অধ্যক্ষ/সুপারগণ কর্তৃক দাখিলকৃত ৩৭ খানা আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়র সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ প্রনীত হয়েছে।

০২.বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮-তে বেসরকারি মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনুকূলে বিভিন্ন সুবিধা তথা উচ্চতর স্কেল প্রাপ্তির সুযোগ সৃষ্টি হয়েছে ।

০৩. জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮-তে সৃষ্ট বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তির নিমিত্ত বিভিন্ন মাদ্রাসার অধ্যক্ষ/সুপারগণ কর্তৃক সূত্রোক্ত স্মারকসমূহে এ অধিদপ্তরে আবেদন দাখিল করা হয়।

**০৪.দাখিলকৃত আবেদনগুলো পর্যালোচনায় দেখা যায় যে, সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীগণ তাঁদের অনুকূলে প্রাপ্য সুবিধাসমূহ (উচ্চতর স্কেল প্রাপ্তি) প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করেন।**

**০৫.আবেদনগুলো উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার/আঞ্চলিক উপপরিচালক কর্তৃক এ মর্মে reject করা হয় যে, জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ তে সৃষ্ট সুযোগ-সুবিধাগুলো তথা উচ্চতর স্কেল প্রদানের বিষয়টি বাস্তবায়নে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/টিএমউডি, শিক্ষা মন্ত্রণালয় এর নির্দেশনা প্রয়োজন।**

০৬. আবেদনগুলো সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার/আঞ্চলিক উপপরিচালক কর্তৃক reject করা হলে সংশ্লিষ্ট অধ্যক্ষ/সুপারগণ কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদের প্রাপ্য উচ্চতর স্কেল প্রাপ্তির জন্য এ অধিদপ্তরে আবেদন করা হয়।

০৭. উপরিউক্ত মতে জনবল কাঠামো ২০১৮ তে সৃষ্ট সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তির বিষয়াবলী বাস্তবায়ন বিষয়ে টিএমইডি কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রয়োজন।

জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ তে সৃষ্ট সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তি এবং তা বাস্তবায়নে টিএমইডি'র নিকট চাহিত নির্দেশনা নিম্নে ছক আকারে উল্লেখ করা হলো-

| ক্রমিক নং- | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮-এ উল্লিখিত তথ্য | টিএমইডি'র নিকট চাহিত নির্দেশনা | মন্তব্য |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০১ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ১১.৩.- তে উল্লিখিত হয়েছে-<br>ক. দাখিল মাদ্রাসায় এমপিওভুক্ত শিক্ষায় ডিগ্রী বিহীন কোন সহকারী শিক্ষক/সহকারী মৌলভী যোগদানের ০৫(পাঁচ) বছরের মধ্যে ডিগ্রী **(বিএড/ডিপ-ইন এড/ সমমান-যাদের ক্ষেত্রে এ সকল ডিগ্রী প্রযোজ্য)** অর্জন করলে তিনি এ ডিগ্রী অর্জনের জন্য বেতন স্কেলের গ্রেড-১০ প্রাপ্য হবেন।<br>খ. "২০০৬ সাল পর্যন্ত কামিল ডিগ্রী অর্জনকারী মাদ্রাসায় এমপিওভুক্ত সহকারী মৌলভীগণ কামিল ডিগ্রীর জন্য বিএড এর সমান গ্রেড-১০-এ বেতন-ভাতা প্রাপ্য হবেন।" | আলোচ্য নির্দেশনাটি নীতিমালা জারির তারিখ অর্থাৎ ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখ থেকে স্বয়ং-ক্রিয়ভাবে কার্যকর হবে নাকি এ বিষয়ে টিএমইডি'র পুন: নির্দেশনার প্রয়োজন রয়েছে- এ বিষয়ে **টিএমইডি'র নির্দেশনা দরকার।**<br>**কারণ সংশ্লিষ্ট সহকারী শিক্ষক/সহকারী মৌলভীগণ আলোচ্য নির্দেশনার আলোকে অনলাইনে আবেদন করলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার/আঞ্চলিক উপপরিচালক কর্তৃক এ মর্মে আবেদনগুলো reject করা হয় যে, সৃষ্ট সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তির বিষয়গুলো বাস্তবায়ন বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রয়োজন।** | |
| ০২ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ১১.৪ - এ উল্লিখিত হয়েছে-<br>**এমপিওভুক্ত প্রভাষকগণ প্রভাষক পদে এমপিওভুক্তির ০৮ (আট) বছর পূর্তিতে ৫:২ অনুপাতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। এতে মোট পদ সংখ্যা বৃদ্ধি পাবে না। অন্যান্য প্রভাষকগণ এমপিওভুক্তির ১০ বছর সন্তোষজনক চাকুরী পূর্তিতে বেতন গ্রেড ৯ থেকে ৮ প্রাপ্য হবেন। ১০ বছর পূর্তিতে উচ্চতর বেতন গ্রেডে বেতন প্রাপ্তির পর পরবর্তী ৬ বছরে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি না হলে ৬ বছর পূর্তিতে গ্রেড ৮ থেকে ৭ প্রাপ্য হবেন।** | আলোচ্য নির্দেশনাটি নীতিমালা জারির তারিখ অর্থাৎ ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখ থেকে স্বয়ং-ক্রিয়ভাবে কার্যকর হবে নাকি এ বিষয়ে টিএমইডি'র পুন: নির্দেশনার প্রয়োজন রয়েছে- এ বিষয়ে **টিএমইডি'র নির্দেশনা দরকার।**<br>কারণ সংশ্লিষ্ট প্রভাষকগণ আলোচ্য নির্দেশনার আওতায় অনলাইনে আবেদন করলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার/আঞ্চলিক উপপরিচালক কর্তৃক এ মর্মে আবেদনগুলো reject করা হয় যে, সৃষ্ট সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তির বিষয়গুলো বাস্তবায়ন বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রয়োজন। | |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ১১.৫ –এ উল্লিখিত হয়েছে-<br>"শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষক-কর্মচারীগণ তাঁদের এমপিওভুক্তির ১০ (দশ) বছর সন্তোষজনক চাকুরী পূর্ণ হলে পরবর্তী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬ বছর পরএকইভাবে পরবর্তী পরবর্তী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্য হবেন। তবে উল্লিখিত স্কেল প্রাপ্তির ক্ষেত্রে একই স্কেলে যথাক্রমে ১০ বছর ও ৬ বছর চাকুরী পূর্ণ হতে হবে। সমগ্র চাকুরী জীবনে দু'টির বেশী উচ্চতর গ্রেড/ টাইম স্কেল (যে নামেই অবহিত হোক না কেন) প্রাপ্য হবেন না।" | আলোচ্য নির্দেশনাটি নীতিমালা জারির তারিখ অর্থাৎ ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখ থেকে স্বয়ং-ক্রিয়ভাবে কার্যকর হবে নাকি এ বিষয়ে টিএমইডি'র পুন: নির্দেশনার প্রয়োজন রয়েছে- এ বিষয়ে টিএমইডি'র নির্দেশনা দরকার।<br>কারণ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীগণ আলোচ্য নির্দেশনার আওতায় অনলাইনে আবেদন করলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার/আঞ্চলিক উপপরিচালক কর্তৃক এ মর্মে আবেদনগুলো reject করা হয় যে, সৃষ্ট সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তির বিষয়গুলো বাস্তবায়ন বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রয়োজন। | |
| ০৪ | জনবল কাঠামো ও এমাপিও নীতিমালা-২০১৮ এর পরিশিষ্ট "ঘ"-৩১- এ<br>এবতেদায়ী প্রধানের বেতন গ্রেড ১১ নির্ধরণ করা হয়েছে যা পূর্বের জনবল কাঠামো (২০১০, ২০১৩ পরযন্ত সংশোধিত-) তে বেতন গ্রেড ১৫ ছিল। | আলোচ্য নির্দেশনাটি নীতিমালা জারির তারিখ অর্থাৎ ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখ থেকে স্বয়ং-ক্রিয়ভাবে কার্যকর হবে নাকি এ বিষয়ে টিএমইডি'র পুন: নির্দেশনার প্রয়োজন রয়েছে- এ বিষয়ে টিএমইডি'র নির্দেশনা দরকার।<br>কারণ এবতেদায়ী প্রধানগণ আলোচ্য নির্দেশনার আওতায় অনলাইনে আবেদন করলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার/আঞ্চলিক উপপরিচালক কর্তৃক এ মর্মে আবেদনগুলো reject করা হয় যে, সৃষ্ট সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তির বিষয়গুলো বাস্তবায়ন বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রয়োজন। | |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ৯ এর "খ" (পদ সমন্বিতকরণ) তে পদসমন্বয়ের মাধ্যমে পদায়ন/নিয়োগ ও এমপিওকরণের বিষয় নিম্নোক্তরূপে উল্লিখিত হয়েছে-<br>"এ জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক-কর্মচারীর প্রাপ্যতা নির্ধারণের পর কোন প্রতিষ্ঠানে বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত শিক্ষক-কর্মচারীর সংখ্যা যদি প্রাপ্যতার অতিরিক্ত হয় তবে অতিরিক্ত পদ উদ্বৃত্ত পদ বলে বিবেচিত হবে। এরূপ উদ্বৃত্ত পদে বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্ত এমপিওভুক্ত অতিরিক্ত জনবল থাকলে তারা বেতন-ভাতাদির সরকারিঅংশ পেতে থাকবেন। এ সকল পদ শূণ্য হলে উক্ত পদে নতুনভাবে আর নিয়োগ দেয়া যাবে না।<br>তবে প্রথমত: প্যাটার্নভুক্ত পদ কোন কারণে শূণ্য হলে বিষয় ভিত্তিক শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এমপিওভুক্ত উদ্বৃত্ত পদ হতে উক্ত পদে শিক্ষক/কর্মচারী সমন্বয় করতে হবে (প্রতিষ্ঠান প্রধান ও সহ-প্রধান ব্যতীত)।<br>দ্বিতীয়ত; এমপিওভুক্ত উদ্বৃত্ত পদের শিক্ষক-কর্মচারীদের সমন্বয়ের পর অবশিষ্ট শূন্য পদে দাখিল, আলিম ,ফাযিল, কামিল মাদ্রাসার স্তরে বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক-কর্মচারীগণকে প্যাটার্নভুক্ত শূণ্য পদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে।" | আলোচ্য নির্দেশনাটি নীতিমালা জারির তারিখ অর্থাৎ ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখ থেকে স্বয়ং-ক্রিয়ভাবে কার্যকর হবে নাকি এ বিষয়ে টিএমইডি'র পুন: নির্দেশনার প্রয়োজন রয়েছে- এ বিষয়ে **টিএমইডি'র নির্দেশনা দরকার।**<br>কারণ এবতেদায়ী প্রধানগণ **আলোচ্য নির্দেশনার আওতায় অনলাইনে আবেদন করলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার/আঞ্চলিক উপপরিচালক কর্তৃক এ মর্মে আবেদনগুলো reject করা হয় যে, সৃষ্ট সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তির বিষয়গুলো বাস্তবায়ন বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রয়োজন।** | |

উপরিউক্ত বর্ণনার আলোকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ -তে মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনুকূলে সৃষ্ট উপরিউক্ত বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তি সংক্রান্ত **বিষয়াবলী** বাস্তবায়ন বিষয়ে **টিএমইডি, শিক্ষামন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রয়োজন।**

এমতাবস্থায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ -তে মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনুকূলে সৃষ্ট উপরিউক্ত বিভিন্ন সুবিধা/উচ্চতর স্কেল প্রাপ্তি সংক্রান্ত **বিষয়াবলী** বাস্তবায়ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

১৪-৬-২০১৯
সফিউদ্দিন আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০১.১৮.৩৮৬/১

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৬
১১ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অফিস, কপি

১৪-৬-২০১৯
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক